দৈনিক সংবাদ

৫২

তারিখ ... AUG. 23 1999
পৃষ্ঠা ২ কলাম ৩

কেন্দ্রীয় নির্বাহী কাউন্সিলের সভা

# সরকারি কলেজ শিক্ষক পরিষদের দাবিসমূহ মেনে নেয়ার আহ্বান

বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক পরিষদের কেন্দ্রীয় নির্বাহী কাউন্সিলের সভা গত ২০শে আগস্ট সকাল ১০টা থেকে দিনব্যাপী ঢাকাস্থ সরকারি সোহরাওয়ার্দী কলেজে পরিষদের সভাপতি অধ্যক্ষ মোঃ আলী আকবর খান ডলারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সারাদেশ থেকে ২৩৩টি সরকারি কলেজের পাঁচ শতাধিক প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভায় প্রত্যেক কলেজ ইউনিট থেকে প্রতিনিধিরা বক্তব্য রাখেন। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কতিপয় নেতার মামলার কারণে শিক্ষা ক্যাডারে অনির্দিষ্টকালের জন্য পদোন্নতি বন্ধ থাকায় এ সভা তীব্র ক্ষোভ ও নিন্দা জানায়।

শিক্ষা সচিব ও মাউশি'র মহাপরিচালককে মামলাগুলো অতিদ্রুত নিস্পত্তি করার অনুরোধ জানিয়ে শিক্ষা ক্যাডারে ক্যাডার ও নন-ক্যাডার দ্বন্দ্ব সৃষ্টি করে বিভাজন তৈরি না করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে সভা আহ্বান জানায়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত ১৮টি জাতীয়করণকৃত মহিলা কলেজের শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের অতিদ্রুত নিয়োগ প্রদান, ইফেকটিভ সার্ভিসের ভিত্তিতে ৪১০০ টাকার স্কেল প্রাপ্তদের টাকা ফেরতদানের হয়রানিমূলক আবেদন বাতিল করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানানো হয়। যে সকল প্রভাষকের চাকরি ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ৫ বছর পূর্ণ হয়েছে তাদেরকে বিভাগীয় পরীক্ষা থেকে অব্যাহতি দিয়ে পদোন্নতি প্রদান এবং ইফেকটিভ সার্ভিস গণনা করে ৪১০০ টাকার স্কেল প্রদান করার জন্য প্রতিনিধিবৃন্দ জোর দাবি জানায়। সংবাদ বিজ্ঞপ্তি।